একটি শুনানির অনুরোধ

আমি শ্রম বিভাগ (Department of Labor) এর নির্ধারণের বিজ্ঞপ্তি(Notice of Determination)'র সঙ্গে একমত না হলে কী হবে?

আপনি নির্ধারণের বিজ্ঞপ্তির সঙ্গে একমত না হলে আপনি একটি শুনানির অনুরোধ করতে পারেন।

শুনানি কাকে বলে?

শুনানি পরিচালনা করেন একজন প্রশাসনিক আইনের বিচারক (Administrative Law Judge - ALJ), যিনি নিরপেক্ষ থাকেন। শুনানিতে দাবিদার ও নিয়োগকর্তা নিজের অবস্থানের সমর্থনে সাক্ষ্য দিতে ও নথিপত্র পেশ করতে পারেন। কোনও সময়, শ্রম বিভাগের প্রতিনিধিও শুনানিতে উপস্থিত থাকতে পারেন।

আমি একজন দাবিদার হলে আমি কীভাবে শুনানি চাইতে পারি?

1. অনলাইনে শুনানির অনুরোধ করতে https://labor.ny.gov/signin-তে যান ও আপনার NY.Gov অ্যাকাউন্টে সাইন ইন করুন। "আমার অনলাইন ফর্মগুলি" বেছে নিন। বাঁদিকের "পূরণ করার জন্য উপলব্ধ ফর্মগুলি" মেনুর অধীনে "দাবিদারের শুনানির অনুরোধ" ফর্মটি বেছে নিন। অনুগ্রহ করে ফর্মটি সম্পূর্ণ পূরণ করুন ও জমা দিন।

2. আপনি ডাকযোগে বা ফ্যাক্স করেও অনুরোধ করতে পারেন। একটি শুনানির জন্য দাবিদারের অনুরোধ পত্র জমা দিন যেটি দাবিদারের হ্যান্ডবুকের পিছনে পাওয়া যাবে। আপনি নিচের এই ঠিকানায় আপনার নাম ও পদবি এবং আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি অঙ্ক সহ একটি চিঠিও লিখতে পারেন:

   NYS Department of Labor
   P.O. Box 15131
   Albany, NY 12212-5131

   বা ফ্যাক্স করুন: 518-457-9378

আমি একজন নিয়োগকর্তা হলে আমি কীভাবে শুনানি চাইতে পারি?

একটি শুনানির জন্য আপনার অনুরোধ জমা করুন Unemployment Insurance Division, PO Box 15131, Albany, NY 12212-5131-এ। "নিয়োগকর্তার শুনানির জন্য অনুরোধ"-এর ফর্ম সমূহ অনলাইনে পাওয়া যাবে https://labor.ny.gov/ui/aso/hearing2.shtm।

আপনার যে ঘটনাগুলিকে দাবিদারকে সুবিধা প্রত্যাখ্যান করার ভিত্তি বলে মনে হয়, আপনার সেগুলির বিশদ ব্যাখ্যা প্রদান করার প্রয়োজন।

একটি শুনানির অনুরোধ করার কি কোনো সময়সীমা আছে?

প্রাথমিক নির্ধারণে মুদ্রিত তারিখের 30 দিনের মধ্যে শুনানির অনুরোধ ডাক-মোহর লাগানো, ফ্যাক্স করা বা বৈদ্যুতিন মাধ্যমে পাঠানো আবশ্যক। সময়মতো শুনানির অনুরোধ করা জরুরি, নতুবা আপনি আপনার মামলার তথ্য সম্পর্কিত শুনানি পাওয়ার সুযোগ হারাতে পারেন।

আমি কীভাবে শুনানি প্রক্রিয়া বা আমার প্রাপ্ত কোনো নথি সম্পর্কে প্রশ্ন করার জন্য কারুর সঙ্গে কথা বলতে পারি?

আপনি দাবিদার হলে, বেকারত্ব বিমার দাবিদারের আইনজীবীর দপ্তর(Unemployment Insurance Claimant Advocate Office)-এ সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে বিকেল 4টের মধ্যে যোগাযোগ করুন:

টোল ফ্রি নম্বরে ফোন করুন: 855-528-5618

নিরাপদ বার্তা: https://labor.ny.gov/signin-এ লগ ইন করুন। খাম আইকন নির্বাচন করুন। পরের পৃষ্ঠায়, "বার্তা ইনবক্স" এর পাশের মেনু বোতাম টিপুন ও "নতুন রচনা করুন" বেছে নিন। বিষয়ের লাইনে "দাবিদারের আইনজীবীর দপ্তর" নির্বাচন করুন।

*দাবিদারের আইনজীবীর দপ্তরের কর্মীরা উকিল নন এবং শুনানিতে আপনার প্রতিনিধিত্ব করতে পারবেন না। যদি আপনি একজন আইনজীবী বা একজন নথিভুক্ত প্রতিনিধিকে অর্থপ্রদান করতে না পারেন তাহলে, আপনি কোন প্রো-বোনো আইনজীবী বা আপনার স্থানীয় লিগাল এইড সোসাইটি বা আইনি পরিষেবা প্রকল্পের থেকে বিনামূল্যে প্রতিনিধিত্বের সাহায্য পেতে পারেন। অ্যাটর্নি, নথিভুক্ত প্রতিনিধি, আইনি পরিষেবা কার্যক্রম এবং প্রো-বোনো অ্যাটর্নিদের সংস্থাগুলি সহ আইনি সংস্থানসমূহের তালিকা পেতে বেকার ভাতার আপিল বোর্ডের ওয়েবসাইট www.uiappeals.ny.gov.-এ যান। বা "সংস্থান (Resources)" ট্যাবে ক্লিক করুন এবং তারপরে "আইনজীবী ও অনুমোদিত এজেন্টদের তালিকায় (List of Attorneys & Authorized Agents)" ক্লিক করুন। আপনি (518) 402-0205 নম্বরে ফোন করেও এই তালিকার আবেদন করতে পারেন।

আমি শুনানি চাওয়ার পর আমি আরেকটি নির্ধারণের বিজ্ঞপ্তি পেলে কী হবে?

আপনি শুনানি চাওয়ার পর আপনি আরেকটি নির্ধারণের বিজ্ঞপ্তি পেলে সেই বিজ্ঞপ্তিতে দেওয়া নির্দেশগুলি যত্ন সহকারে পড়ুন। আপনি অতিরিক্ত কোনো নির্ধারণে অসম্মত হলে আপনার একটি নতুন শুনানির অনুরোধ করার প্রয়োজন হতে পারে। কখন ও কীভাবে শুনানির অনুরোধ করতে হয় সেসম্পর্কে নির্ধারণের বিজ্ঞপ্তির নির্দেশগুলি অনুসরণ করুন।

কোনও নিয়োগকর্তা আমার অনুরোধ বন্ধ করতে পারবেন কি?

কোনো প্রাক্তন নিয়োগকর্তা আমাকে একটি শুনানি বা আপিল চাওয়া থেকে আটকানোর চেষ্টা করলে কী হবে?

শ্রম আইন অনুসারে, কারুরই আপনার সুবিধার দাবি জানানোয় হস্তক্ষেপ করার অধিকার নেই। একটি অভিযোগ দায়ের করতে, 888-4-NYSDOL নম্বরে ফোন করুন এবং শ্রম মান (Labor Standards) বিকল্পটি বেছে নিন অথবা শ্রম মান শাখা (Labor Standards Division)-কে যুক্ত থাকতে বলুন।

আমাকে কি আমার শুনানির অনুরোধ কোনো নির্দিষ্ট দিন বা সময়ের জন্য করতে পারি?

শুনানিগুলির সময় সোমবার থেকে শুক্রবার সকাল 8:00টা ও বিকেল 4:00টের (EST) মধ্যে নির্ধারিত হয়। আপনি কোনো নির্দিষ্ট দিন বা সময়ের অনুরোধ করতে পারেন না। আপনি শুনানির জন্য উপস্থিত থাকবেন না এমন কোনও নির্দিষ্ট তারিখ বা সময় থাকলে আপনাকে আপনার শুনানির অনুরোধে আপনি কেন উপস্থিত থাকবেন না তার একটি ব্যাখ্যা সহ সেই তথ্য অন্তর্ভুক্ত করতে হবে।

আমি অনুরোধ করার পর কতো শীঘ্র শুনানি হবে?

সাধারণতঃ আপিল বোর্ড শ্রম বিভাগ থেকে শুনানির ফাইল পাওয়ার দু'সপ্তাহ পর শুনানি নির্ধারিত হয়। সাধারণতঃ আপনার অনুরোধের 30 দিনের মধ্যে শুনানি আয়োজিত হয়ে থাকে। বর্তমানে, সকল শুনানি টেলিফোনের মাধ্যমে সঙ্ঘটিত হয়।

শুনানির অপেক্ষা করার সময় আমাকে কি সুবিধাগুলির জন্য প্রত্যয়িত করতে থাকতে হবে?

হ্যাঁ। শুনানির আগে ও পরে উভয়তই অথবা আপনি আপিল বোর্ডের কাছে বা আদালতের কাছে আপিল করলে, আপনি যতদিন বেকার থাকবেন ও সুবিধা চাইবেন ততদিন পর্যন্ত আপনাকে প্রতি সপ্তাহে সুবিধাগুলির জন্য প্রত্যয়িত করতে থাকতে হবে। আপনি প্রত্যয়িত করতে ব্যর্থ হলে আপনি সুবিধাগুলি হারাতে পারেন। আপনাকে বেকারত্ব বিমা দপ্তর থেকে পাওয়া যাবতীয় নির্দেশ অনুসরণ করতে হবে।

প্রশাসনিক আইনের বিচারক (ALJ) কে?

ALJ হলেন বেকারত্ব বিমা আপিল বোর্ডের কর্মীদের উর্ধ্বতন একজন নিরপেক্ষ সিদ্ধান্ত গ্রহণকারী এবং তিনি টেলিফোনে দাবি জানানোর কেন্দ্র(Telephone Claims Center - TCC) ও শ্রম বিভাগের সাপেক্ষে স্বাধীন।

ALJ শুনানিতে কী ভূমিকা পালন করেন?

ALJ এর নির্ধারণের বিজ্ঞপ্তিটি বজায় রাখতে (সম্মত), অগ্রাহ্য করতে (অসম্মত) বা পরিবর্তন (বদলানোর) করতে পারে। ALJ পক্ষগুলিকে ও তাদের সাক্ষীদেরকে প্রশ্ন করার দ্বারা (যাদেরকে অবশ্যই শপথ নিয়ে বা নিশ্চিত প্রত্যয় করে বলতে হবে) এবং নথিপত্রগুলিকে প্রমাণ হিসেবে গ্রহণ করার দ্বারা শুনানি পরিচালনা করবেন। ALJ শুনানিতে উপস্থাপিত সাক্ষ্য ও প্রমাণগুলি পর্যালোচনা করবেন এবং দাবিদার সুবিধার অধিকারী কিনা সেসম্পর্কে লিখিত সিদ্ধান্ত প্রদান করবেন। কোনও মামলায়, ALJ সিদ্ধান্ত নেন যে একজন দাবিদার কর্মচারী হিসেবে কাজ করেছেন, নাকি স্বাধীন ঠিকাদার হিসেবে এবং কোনো ব্যবসা নিয়োগকর্তা হিসেবে বেকারত্ব বিমা তহবিলে অবদান রাখার জন্য দায়ী থাকবেন কিনা। আরও তথ্যের জন্য নীচে 'শুনানিতে, শুনানির সময় কী হয়?' এর নিচে দেখুন

আমি কি ALJ এর সঙ্গে শুনানির আগে বা পরে যোগাযোগ করতে পারি?

ALJ এর শুনানির আগে বা পরে কোনো পক্ষের সঙ্গে কথা বলার অনুমত নেই। আপনার শুনানির তারিখ, শুনানির পদ্ধতি সম্পর্কিত কোনও প্রশ্ন থাকলে, বা স্থগিতের জন্য অনুরোধ করতে চাইলে আপনি শুনানির দপ্তরের কর্মীর সঙ্গে কথা বলতে পারেন। শুনানির দপ্তরের কর্মী আপনার মামলা সম্পর্কে আপনাকে পরামর্শ দিতে পারে না বা শুনানিতে আপনার প্রতিনিধিত্ব করা উচিত কিনা সেটি আপনাকে বলতে পারে না। শুনানির আগে আপনার মামলার সম্পর্কে অন্য কোনও প্রশ্নের জন্য আপনি দাবিদারের আইনজীবীর অফিস (Claimant Advocate Office)-এ যোগাযোগ করতে পারেন।

কোনও বিশেষ চাহিদা বা স্বাচ্ছন্দ্যবিধান

আমার একজন দোভাষীর বা একটি বিশেষ চাহিদার স্বাচ্ছন্দ্যবিধানের প্রয়োজন হলে কী হবে?

আপনার বা আপনার সাক্ষীর ইংরেজি ভাষার দক্ষতা সীমাবদ্ধ হলে আপনি শুনানির সময় আপনাকে সহায়তা করতে দোভাষী পরিষেবার অনুরোধ করতে পারেন। শুনানির আগেই শুনানির বিজ্ঞপ্তির বিষয়ে শুনানির দপ্তরে যোগাযোগ করুন। কোনো খরচ ছাড়াই একজন দোভাষীর ব্যবস্থা করা হবে। যে কোনো কথ্য ভাষা বা সাঙ্কেতিক ভাষার জন্য ভাষা পরিষেবা প্রদান করা যেতে পারে।

আপনার বা আপনার সাক্ষীর যে কোনো ধরণের প্রতিবন্ধকতা থাকলে সকল পক্ষই যাতে শুনানিতে অংশগ্রহণ করতে পারে তা নিশ্চিত করতে ব্যবস্থা নেওয়া হবে। আপনার কোনও বিশেষ প্রয়োজন আছে, সেটি তাদের বলতে শুনানির বিজ্ঞপ্তির একেবারে উপরে দেওয়া শুনানির দপ্তরকে জানাতে হবে।

শুনানির বিজ্ঞপ্তি

আমাকে শুনানির খবর কীভাবে দেওয়া হবে?

নির্ধারিত শুনানির অন্ততঃ 14 দিন আগে জড়িত সকল পক্ষ ও তাদের প্রতিনিধিদের ডাকযোগে শুনানির বিজ্ঞপ্তি পাঠানো হবে।

শুনানির বিজ্ঞপ্তিটি মনোযোগ সহকারে পড়ুন।

শুনানির বিজ্ঞপ্তিটিতে নিম্নলিখিত গুরুত্বপূর্ণ তথ্যসমূহ থাকবে:

- ALJ মামলার নম্বর(গুলি)
- যে সকল পক্ষ শুনানিতে উপস্থিত থাকবে নাম ও ঠিকানাগুলি
- যে টেলিফোন নম্বরে প্রতিটি পক্ষকে কল করা হবে
- শুনানির তারিখ ও সময়
- শুনানির উদ্দেশ্য
- বিশেষ নির্দেশাবলী

বিশেষ নির্দেশগুলি যত্ন সহকারে পড়ুন। এগুলি আপনাকে শুনানিতে নথিপত্র বা সাক্ষী উপস্থাপিত করার ব্যাপারে পরামর্শ প্রদান করবে। আপনি শুনানিতে নথিপত্র বা সাক্ষী উপস্থাপিত করতে না পারলে আপনি কেন সেগুলি উপস্থাপিত করতে পারলেন না তা ব্যাখ্যা করার জন্য প্রস্তুত থাকুন। বিশেষ নির্দেশগুলি বিজ্ঞপ্তির সামনের বা পিছনের পৃষ্ঠায় থাকতে পারে।

শুনানির বিজ্ঞপ্তিটি নথি সম্বলিত শুনানির ফাইলে সংযুক্ত থাকবে যা শুনানিতে ব্যবহার করা যেতে পারে। (নিচে, "শুনানি মামলা ফাইল," বিভাগটি দেখুন।) শুনানির জন্য ALJ যখন আপনাকে টেলিফোন করবে তখন আপনার কাছে এই নথিগুলি থাকা খুব জরুরি।

আমার ফোন নম্বর আমার শুনানির বিজ্ঞপ্তিতে দেওয়া নম্বরের থেকে আলাদা হলে কী হবে?

আপনার টেলিফোন নম্বর আপডেট করতে যত শীঘ্র সম্ভব শুনানির দপ্তরে ফোন করুন। শুনানির দপ্তরের ফোন নম্বর শুনানির বিজ্ঞপ্তির একেবারে উপরে দেওয়া আছে।

আমি কি সশরীরে শুনানির স্থানে উপস্থিত থাকতে পারি?

না। বর্তমানে, সকল শুনানির স্থানেগুলি জনসাধারণের জন্য বন্ধ রয়েছে এবং সমস্ত শুনানি টেলিফোনের মাধ্যমে সঙ্ঘটিত হয়।

শুনানির জন্য প্রস্তুতি?

শুনানি সম্পর্কিত ভিডিও

"কীভাবে শুনানির জন্য প্রস্তুত হবেন" সেটির সম্পর্কে শুনানি প্রস্তুতি ভিডিও দেখুন।" ভিডিওটি ইংরেজি, ইতালীয়, স্পেনীয়, হাইতিয়ান ক্রেওল, চিনা, রুশ, পোলিশ ও বাংলা ভাষায় অনুবাদ করা রয়েছে।

আমার কি একজন অ্যাটর্নির প্রয়োজন?

শুনানিতে কোনও অ্যাটর্নির কি আমার হয়ে প্রতিনিধিত্ব করার প্রয়োজন রয়েছে?

আপনার শুনানিতে নিজের প্রতিনিধিত্ব করার জন্য একজন অ্যাটর্নি বা রেজিস্টার্ড প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করার অধিকার রয়েছে। আপনার কোনো অ্যাটর্নির দ্বারা প্রতিনিধিত্ব পাওয়া বাধ্যতামূলক নয়।

UIAB কি অ্যাটর্নি প্রদান বা তার নাম সুপারিশ করে?

বোর্ডের থেকে অ্যাটর্নি প্রদান বা তার নাম সুপারিশ করা হয় না, কিন্তু এখানে অ্যাটর্নিদের এবং দাবিদারদের প্রতিনিধি হিসেবে কাজ করতে পারেন এমন ব্যক্তি ও সংগঠনগুলির একটি তালিকা বজায় রাখা হয়। এই তালিকাটিতে নীচের লিঙ্কটি ব্যবহার করে প্রবেশ করা যাবে। একজন অ্যাটর্নি বা অন্য প্রতিনিধি প্রদত্ত পরিষেবার জন্য দাবিদারদের ফি ধার্য করতে পারেন, কিন্তু তা কেবল সিদ্ধান্ত দাবিদারের পক্ষে গেলেই এবং কেবলমাত্র বোর্ড সেই ফি অনুমোদন করার পরেই। এই তালিকায় সেই সংগঠনগুলির নামও দেওয়া রয়েছে যারা বিনামূল্যে আইনি পরিষেবাসমূহ প্রদান করেন।

যদি আপনি কোনও অ্যাটর্নি বা অন্য প্রতিনিধি পান, তবে শুনানির আগে শুনানি দপ্তরে অ্যাটর্নি বা প্রতিনিধিটির নাম, ঠিকানা এবং টেলিফোন নম্বর প্রদান করার বিষয়টি নিশ্চিত করুন।

- অ্যাটর্নি এবং অনুমোদিত প্রতিনিধিদের তালিকা (ইংরেজি)
- অ্যাটর্নি এবং অনুমোদিত প্রতিনিধিদের তালিকা (স্পেনীয়)
- LawHelp New York

শুনানির ফাইল কাকে বলে?

শুনানির ফাইলে শ্রম বিভাগ তার নির্ধারণে উপনীত হতে যে নথিপত্র ব্যবহার করে, সেগুলি থাকে। এই নথিপত্রের মধ্যে শ্রম বিভাগের ফর্মগুলি, প্রশ্নাবলী দাবিদার বা নিয়োগকর্তার দ্বারা পূরণ করা লিখিত বিবৃতিগুলি এবং/অথবা শ্রম বিভাগের কোনো প্রতিনিধির দ্বারা প্রস্তুত করা টেলিফোন সাক্ষাৎকারগুলির

সারসংক্ষেপ থাকতে পারে। শুনানিত ফাইলে শুনানির আগে দাবিদার বা নিয়োগকর্তার পাঠানো কোনো নথিপত্রও থাকতে পারে। শুনানির ফাইলের কোনোকিছুই শুনানিতে প্রমাণ হিসেবে দাখিল করা না হলে ALJ দ্বারা সিদ্ধান্ত নেওয়ায় ব্যবহার করা যাবে না। আপনি কোনো নথিকে প্রমাণ হিসেবে দাখিল করতে চাইলে আপনাকে ALJ এর কাছে তার অনুরোধ করতে হবে।

আপনার শুনানির আগেই মামলার ফাইল পর্যালোচনা করা হচ্ছে।

সমস্ত শুনানি বর্তমানে টেলিফোনের মাধ্যমে সঙ্ঘটিত হয়। আপনি মেলে সমগ্র শুনানির ফাইলের একটি প্রতিলিপি আপনার শুনানির বিজ্ঞপ্তির সঙ্গে পাবেন। যদি শুনানি বিজ্ঞপ্তির সঙ্গে ফাইলের প্রতিলিপি না এসে থাকে, তাহলে অবিলম্বে শুনানির বিজ্ঞপ্তির একেবারে উপরে দেওয়া শুনানি অবস্থানে ফোন করুন এবং একটি নতুন প্রতিলিপি আপনাকে পাঠানো হবে। আপনি যদি কোনও অ্যাটর্নি বা প্রতিনিধির সঙ্গে দেখা করেন তখন আপনার কাছে মামলার ফাইলের একটি প্রতিলিপি থাকা উচিত।

ফাইলে থাকা নথিগুলির পৃষ্ঠা নম্বর, সাধারণত নিচে ডানদিকের কোণায় থাকে। তারা যে ক্রমে আপনাকে প্যাকেটটি দিয়েছিল, সেই ক্রমানুসারে নথিগুলি রাখুন। এর ফলে শুনানির সময় নথিগুলি দ্রুত খুঁজতে পাবেন।

শুনানির সময় আপনার কাছে ফাইলটি রয়েছে সেটি নিশ্চিত করুন।

আপনার কোনো সাক্ষী থাকলে তাদেরকে উপস্থিত করার ব্যবস্থা করুন।

আপনার মামলায় সাহায্য করতে পারেন এমন কোনও সাক্ষীর সঙ্গে কথা বলা এবং শুনানির সময় তাদের ফোনে উপলব্ধ করার ব্যবস্থা করা জরুরি। ALJ এর কাছে সাক্ষীর টেলিফোন নম্বর প্রদান করার জন্য প্রস্তুত থাকুন। আপনার সাক্ষীকে জানান যে শুনানির শুরুতে ALJ তাদের কল করতে পারে না, তাই শুনানির সময় যে কোনও মুহূর্তে কল করার সময় তাদের উপলব্ধ থাকতে হবে। শুনানি এক ঘন্টা বা তার বেশি সময় নিতে পারে। যদি আপনার সাক্ষী কেবল সীমিত সময়ের জন্য উপলব্ধ থাকেন, তাহলে সেটি ALJ-কে শুনানির শুরুতে অবশ্যই জানিয়ে দিন।

আমি আমার প্রয়োজনীয় কোনো সাক্ষী বা নথিপত্র প্রাপ্ত করতে পারিনি অথবা আমার কোনো সাক্ষী রয়েছেন যিনি শুনানির দিনে উপলব্ধ নন, তাহলে কী হবে?

শুনানিতে সাক্ষ্য দিতে এবং আপনার প্রমাণের বাকি অংশ পেশ করতে প্রস্তুত থাকবেন। ALJ-এর কাছে ব্যাখ্যা করে বলুন যে সাক্ষী কে বা নথিগুলি কী, কেন ওইদিন সাক্ষী উপস্থিত থাকবেন না, এবং সাক্ষী বা নথির প্রয়োজন এটি আপনার মনে হওয়া কারণ কী। ALJ উপস্থিত না করা প্রমাণ জরুরি মনে করলে শুনানি মুলতুবি (স্থগিত) রাখা হতে পারে এবং এর সময় পরবর্তী কোনো তারিখে পুনর্নির্ধারিত হতে পারে অথবা সেটিকে আবার খোলার আবেদন করার অধিকার সহ বন্ধ করা হতে পারে। প্রয়োজনে ALJ আপনাকে নথি বা সাক্ষী পেতে সাহায্য করতে একটি সপিনা জারি করতে পারেন।

আমি কি শুনানির আগেই বিচারকের কাছে আমার মামলায় সাহায্য করতে পারে এমন নথিপত্র পাঠাতে পারি?

আপনার মামলার জন্য জরুরি মনে করেন এমন নথিপত্র শুনানির বিজ্ঞপ্তির একেবারে উপরে দেওয়া শুনানির স্থানের ঠিকানায় বা ফ্যাক্স নম্বরে ডাকযোগে বা ফ্যাক্স করে আপনার পাঠানো উচিত। এই নথিপত্র শুনানির দপ্তরে শুনানির দিনের অন্ততঃ তিনদিন আগে পৌঁছতে হবে। আপনার নাম ও আপনার ALJ মামলার নম্বর অন্তর্ভুক্ত করা নিশ্চিত করুন। আপনি একই সময়ে অন্য পক্ষকে নথিগুলি ডাকযোগে পাঠাতেও পারেন বা ফ্যাক্স করতেও পারেন। যদি আপনি আগে থেকে নথিগুলি পাঠাতে না পারেন, তাহলে আপনি কেন নথিগুলি পাঠাতে পারলেন না সেটি ALJ-কে ব্যাখ্যা করতে প্রস্তুত থাকুন। শুনানি চলাকালীন আপনি নথিগুলি ALJ বা অন্যান্য পক্ষকে ইমেল বা ফ্যাক্স করতে পারবেন কিনা সেই বিষয়ে ALJ আপনাকে বলতে পারেন।

আমি কি সাক্ষীদের বিবৃতি জমা দিতে পারি?

হ্যাঁ, আপনি সাক্ষীদের বিবৃতি জমা দিতে পারেন; যদিও, সাক্ষীদের বিবৃতি জনশ্রুতিভিত্তিক সাক্ষ্য বলে বিবেচিত হয়। সরাসরি বিবৃতি দেওয়া সাক্ষীরা (যে সব সাক্ষীরা প্রকৃতপক্ষে সেই ঘটনা দেখেছেন বা শুনেছেন যা শুনানিতে সমস্যা হিসেবে দেখা হয়) কী ঘটেছে তার বর্ণনা দিতে নথিপত্রের চেয়ে বা অন্য কোনো ব্যক্তির মুখে শুনে যে সাক্ষীরা কেবল তার পুনরাবৃত্তি করেন তাদের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ।

আমি কি আমার মামলার জন্য জরুরি টেক্সট মেসেজ জমা দিতে বা ভিডিও চালাতে বা অডিও বাজাতে পারব?

হ্যাঁ। শুনানির আগে টেক্সট মেসেজগুলি লিখুন, তারপরে শুনানির আগে ALJ বা অন্যান্য পক্ষকে মেল বা ফ্যাক্স করুন।

আপনি যদি চান যে ALJ একটি ভিডিও বা অডিও রেকর্ডিং বিবেচনা করুন, আপনাকে অবশ্যই ALJ ও অপর পক্ষের জন্য তার প্রতিলিপি করাতে হবে। শুনানিতে ব্যবহারযোগ্য ফরম্যাটগুলির একটি তালিকা দেওয়া থাকবে।

আমি কি শুনানির আগে অপরপক্ষকে প্রমাণ উপস্থিত করার অনুরোধ করতে পারি?

না। আপনি শুনানির আগে অন্যান্য পক্ষকে প্রমাণ প্রদান করার অনুরোধ করতে পারেন না। আপনার মামলার ফাইল পর্যালোচনার সুযোগ রয়েছে, যার মধ্যে শ্রম বিভাগের কাছে আগে থেকে জমা দেওয়া নথিপত্র এবং বিভাগ থেকে নির্ধারণের সিদ্ধান্ত নিতে যে সব নথিপত্রের উপর নির্ভর করা হয়েছে, সেগুলি রয়েছে। আপনার যদি মনে হয় যে অপরপক্ষের হাতে এমন কোনো নথিপত্র রয়েছে যা আপনার পক্ষে মামলাটি প্রমাণ করার জন্য জরুরি হতে পারে, তাহলে শুনানির দপ্তরের সঙ্গে যোগাযোগ করুন ও তাদেরকে জানান যে আপনি কোন নথিপত্র উপস্থিত করতে চান এবং সেগুলি কেন জরুরি। ALJ শুনানিতে সেইসব অনুরোধের মীমাংসা করবেন।

সপিনা কাকে বলে?

সপিনা হল একটি আইনি নথি যা কোনো সাক্ষীকে শুনানিতে উপস্থিত হওয়ার আদেশ দিতে পারে অথবা কোনো কোম্পানি বা ব্যক্তিকে ALJ এর কাছে শুনানির জন্য নথিপত্র পাঠানোর আদেশ দিতে পারে।

আমি কীভাবে সপিনার অনুরোধ করবো?

আপনার কোনো অ্যাটর্নি থাকলে সেই অ্যাটর্নি আপনার হয়ে সপিনা জারি করাতে পারেন। আপনার কোনো অ্যাটর্নি না থাকলে আপনি আপনার শুনানির বিজ্ঞপ্তির একেবারে উপরে দেওয়া শুনানির দপ্তরে ফ্যাক্স বা ডাক মারফৎ যোগাযোগ করতে পারেন, যদি আপনার মনে হয় যে আপনার সপিনার প্রয়োজন রয়েছে।

আপনার নাম, মামলার নম্বর এবং যে ব্যক্তি বা কোম্পানির রেকর্ড আপনি সপিনাকৃত করতে চাইছেন তার নাম ও ঠিকানা, আপনি নিজে থেকে কেন সেই সাক্ষী বা নথি উপস্থিত করতে পারছেন না এবং সেই সাক্ষী বা নথি কী প্রমাণ করতে পারে দলে আপনি মনে করেন তা অন্তর্ভুক্ত করা নিশ্চিত করুন। আপনার অনুরোধ করার সঙ্গে সঙ্গেই তা মঞ্জুর করা এবং সপিনা জারি করা হতে পারে অথবা আপনাকে সরাসরি ALJ এর কাছে অনুরোধ করতে বলা হতে পারে, যিনি শুনানির সময় সিদ্ধান্ত নেবেন যে সপিনা জারি করতে হবে কিনা।

সপিনাকৃত সাক্ষী উপস্থিত না হলে বা সপিনাকৃত নথিপত্র পাঠানো না হলে কী হবে?

ALJ বিবেচনা করে দেখবেন যে আরেকবার মুলতুবি করা হবে কিনা অথবা বাকি প্রমাণের ভিত্তিতেই মামলার রায় দেওয়া হবে কিনা।

আমি কি নিজে উপস্থিত ছিলাম না এমন কোনো পুরনো শুনানির রেকর্ডিং শুনতে পারি?

আপনার নিজে উপস্থিত না থাকা কোনো পুরনো শুনানির রেকর্ডিং শোনার অধিকার রয়েছে। শুনানির বিজ্ঞপ্তির উপরে প্রদর্শিত টেলিফোন নম্বরে শুনানির দপ্তরে কল করে আপনি রেকর্ড করা শুনানির একটি CD-এর অনুরোধ করতে পারেন। CD এর খরচ $10. আপনার $10 প্রদানের সামর্থ্য না থাকলে আপনাকে অবশ্যই একটি ফর্মে স্বাক্ষর করে নির্দেশ করতে হবে যে আপনি CD-এর মূল্য প্রদানে অক্ষম।

আরও প্রস্তুতি তথ্য

আমাদের ওয়েবসাইটে বেকারত্ব বিমা আইন ও অন্যান্য আইনি সংস্থানের লিঙ্ক অন্তর্ভুক্ত রয়েছে। সেইসঙ্গে, আপিল বোর্ডের সিদ্ধান্ত সম্পর্কিত অনুসন্ধানযোগ্য ডেটাবেসের একটি লিঙ্ক রয়েছে যাতে 2008 সাল পর্যন্ত তথ্য রয়েছে: আপনি আপনার মামলার সমর্থনে আপনার শেষ বিবৃতিতে ALJ এর কাছে এই সিদ্ধান্তগুলি উল্লেখ করতে পারেন।

শুনানিতে

শুনানিতে কী হয়?

শুনানিতে ALJ যা করবেন:

- একটি প্রারম্ভিক বিবৃতি দেবেন যাতে শুনানিতে অংশ নেওয়া সকল ব্যক্তিদের চিহ্নিত করা হবে, শুনানি কীভাবে এগোবে তার বর্ণনা দেওয়া হবে এবং পক্ষগুলির সমস্যা ও অধিকারগুলির রূপরেখা দেওয়া হবে।
- পক্ষগুলিকে প্রশ্ন করবেন ও জরুরি তথ্য প্রাপ্ত করবেন।
- পক্ষগুলিকে তাদের নিজের সাক্ষীদের ও অপর পক্ষের সাক্ষীদের প্রশ্ন করার সুযোগ দেবেন। ALJ সেইসব পক্ষকে সাহায্যও করবেন যাদের অপর পক্ষের সাক্ষীদেরকে প্রশ্ন করতে অসুবিধে হচ্ছে।
- নথিপত্রাদি রেকর্ডের অন্তর্ভুক্ত করা হবে কিনা সিদ্ধান্ত নেবেন।
- পক্ষগুলিকে রেকর্ডের অংশ এমন নথিপত্রের পর্যালোচনা করার ও আপত্তি জানানোর সুযোগ দেবেন।
- সাক্ষী, নথি বা রেকর্ডের ক্ষেত্রে সপিনা জারি করার কোনো অনুরোধের ব্যাপারে সিদ্ধান্ত নেবেন।
- পক্ষগুলিকে নিজেদের মামলা উপস্থাপনায় মামলার ফাইলের নথি ব্যবহারের সুযোগ দেবেন।
- পক্ষগুলিকে নিজেদের শুনানির শেষে একটি বিবৃতি দেওয়ার সুযোগ দেবেন।

ALJ আমায় কখন কল করবেন?

ALJ আপনাকে শুনানির বিজ্ঞপ্তিতে নথিভুক্ত সময়ে কল করবে। কলটি নেওয়ার জন্য কোনও শান্ত পরিবেশে আছেন কিনা সে সম্পর্কে নিশ্চিত হয়ে নিন, যেখানে আপনাকে কেউ বাধা দেবেন না। আপনি যদি গাড়ি চালান তাহলে আপনাকে শুনানিতে অংশ নেওয়ার অনুমতি দেওয়া হবে না। যদি আপনি গাড়িতে থাকেন, তাহলে আপনাকে শুনানির আগে সেটিকে পার্ক করার জন্য আপনাকে কোনও একটি স্থান খুঁজতে হবে।

আমি যদি ফোনের উত্তর না দিই তাহলে কী হবে?

ALJ কল করলে আপনাকে অবশ্যই টেলিফোনে উত্তর দেওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে। ALJ এর কলটি অজানা বা তালিকাভুক্তহীন নম্বর হিসাবে দেখাবে, তাই শুনানির আগে আপনার ফোনে অজানা এবং তালিকাভুক্ত নাম্বারগুলি আনব্লক করার বিষয়ে নিশ্চিত হন। যদি আপনি টেলিফোন কলের উত্তর না দেন, তাহলে ALJ একটি মেসেজ করবে এবং 2 থেকে 5 মিনিটের মধ্যে পুনরায় কল করার চেষ্টা করবে।

যদি আপনি প্রথম বা দ্বিতীয় কলে উত্তর না দেন এবং আপনি শুনানির অনুরোধ করে থাকলে তাহলে ডিফল্ট বা অনুপস্থিতির সিদ্ধান্ত জারি করা হবে। আপনি শুনানির অনুরোধ না করে থাকলে সেই একটিমাত্র পক্ষ নিয়েই শুনানি চলতে থাকবে যিনি অনুরোধ করেছেন এবং সিদ্ধান্ত জারি করা হবে।

আমি ALJ-এর থেকে আমার শুনানির কল না পেলে কী হবে?

শুনানির সময়ের প্রথম 15 মিনিটের মধ্যে শুনানির বিজ্ঞপ্তির একেবারে উপরে থাকা শুনানির দপ্তরে ফোন করুন।

একটি শুনানি কতক্ষণ চলে?

সাধারণতঃ, শুনানিগুলিতে 45 থেকে 90 মিনিট সময় লাগে। শুনানিতে একাধিক সমস্যার সমাধান করতে হলে এর সময়সীমা আরও বর্ধিত করে নির্ধারিত করা হতে পারে। যদিও, একটি শুনানি বিচারক তার সিদ্ধান্ত নিতে জরুরি প্রমাণ সংগ্রহে যতক্ষণ সময় নেবেন ততক্ষণ চলবে। কোনও শুনানি নির্ধারিত সময়সীমার মধ্যেই শেষ হবে না এবং মুলতুবি করতে হবে (আরেকদিন অগ্রসর হবে)।

আমি কি শুনানি রেকর্ড করতে পারি?

না। শুনানিটি UI আপিল বোর্ড দ্বারা রেকর্ড করা হবে। ALJ এর সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করা হলে আপনি বিনা শুল্কে একটি ট্রানস্ক্রিপ্টের অনুরোধ করতে পারেন। ALJ এর সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করা না হলে আপনি ফি প্রদানের মাধ্যমে শুনানির রেকর্ডিং এর একটি প্রতিলিপি বা ট্রানস্ক্রিপ্ট পেতে পারেন।

আমি কি শুনানি পরবর্তী কোনো সংক্ষিপ্তসার জমা দিতে পারি কি?

শুনানি পরবর্তী কোনো সংক্ষিপ্তসার গ্রহণ করা হয় না। আপনাকে এবং/অথবা আপনার প্রতিনিধি বা অ্যাটর্নিকে আপনাদের যাবতীয় প্রমাণ এবং আইনি যুক্তিগুলি শুনানিতে পেশ করতে হবে।

শুনানি স্থগিত করা

আমি কি শুনানি মুলতুবি (স্থগিত) করাতে পারি?

আপনার নিজের নির্ধারিত শুনানিতে উপস্থিত হওয়া জরুরি। আপনি আপনার শুনানিতে অংশ নিতে না পারলে আপনি কেন অংশ নিতে পারবেন না সেটি ব্যাখ্যা করতে শুনানির বিজ্ঞপ্তির একেবারে উপরে থাকা শুনানির দপ্তরে যত তাড়াতাড়ি সম্ভব যোগাযোগ করুন। শুনানিতে অংশ নিতে না পারার জন্য আপনার দেওয়া কারণগুলির ভিত্তিতে বিচারক সিদ্ধান্ত নেবেন যে আপনাকে শুনানি থেকে অব্যাহতি দেওয়া যায় কিনা এবং শুনানি মুলতুবি (স্থগিত) করা হবে কিনা। আপনার মামলা সংক্রান্ত যে কোনো যোগাযোগে শুনানির বিজ্ঞপ্তির একেবারে উপরে থাকা ALJ মামলার নম্বর থাকতে হবে। শুনানির দপ্তরের কর্মীরা আপনাকে বলে দেবেন যে আপনার স্থগিত করার অনুরোধ মঞ্জুর করা হয়েছে কিনা।

যে পক্ষ শুনানির অনুরোধ করেছে তারা যতক্ষণ উপস্থিত থাকবেন ততক্ষণ শুনানি চলতে থাকবে, এমনকি অনুরোধ না করা পক্ষ উপস্থিত না হলেও। ALJ শুধুমাত্র উপস্থিত পক্ষের সাক্ষ্যপ্রমাণ ও পেশ করা নথিপত্রের ভিত্তিতেই একটি সিদ্ধান্ত জারি করবেন।

আপনি শুনানিতে অংশ না নিলে এবং সিদ্ধান্ত আপনার পক্ষে না গেলে আপনি মামলাটি পুনরায় চালু করার জন্য আবেদন করতে পারেন। পুনরায় চালু করার জন্য আবেদন কেবল তখনই মঞ্জুর করা হবে যদি আপনি শুনানিতে অংশ না নেওয়ার যথেষ্ট কারণ দেখাতে পারেন এবং আপনি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে শুনানিটি পুনরায় চালু করার জন্য আবেদন করেন।

একটি শুনানি স্থগিত করার কারণগুলি কী হতে পারে?

শুনানি বিভিন্ন ধরণের যথেষ্ট কারণ থাকলে শুনানির আগে কোনো পক্ষের অনুরোধে স্থগিত করা যেতে পারে। উদাহরণগুলির মধ্যে পড়ে, কোনও পক্ষের বা পক্ষের প্রতিনিধি বা অ্যাটর্নির একই সময়ে আরেকটি আইনি মামলা চালু হওয়া অথবা দাবিদার বা নিয়োগকর্তার গুরুত্বপূর্ণ সাক্ষীর জুরির কর্তব্য বা স্বল্প সময়ের (উদাহরণস্বরূপ, ন্যাশনাল গার্ডের একটি স্বল্প সময়ের কর্তব্য) সামরিক কর্তব্য পড়ে যাওয়া।

আমি আমার মুলতুবি (স্থগিত) করার অনুরোধের কোনো উত্তর না পেলে কী করবো?

আপনার অনুরোধের পিছনে লেগে থাকতে শুনানির দিনের আগেরদিন শুনানির দপ্তরে ফোন করুন। আপনি আপনার শুনানির নির্ধারিত সময়ের আগে কোনো উত্তর না পেলে আপনাকে শুনানিতে অংশ নেওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে।

একটি স্থগিত করা মামলার সময় পুনর্নির্ধারণ করতে কতো সময় লাগে?

সাধারণভাবে, একটি মুলতুবি হওয়া শুনানির সময় দুই থেকে তিন সপ্তাহের মধ্যে আবার করে নির্ধারণ করা হয়। ALJ রেকর্ডের জন্য সপিনা জারি করে থাকলে এতে আরও বেশি সময় লাগতে পারে।

আমি কোনো অ্যাটর্নি বা অন্য প্রতিনিধির খোঁজ পাইনি বলে আমার মুলতুবি (স্থগিত) করার প্রয়োজন হলে কী হবে?

আপনাকে ALJ-কে জানাতে হবে যে আপনি অ্যাটর্নি বা অন্য প্রতিনিধির খোঁজ করার চেষ্টা করেছেন, কিন্তু সফল হননি। ALJ আপনাকে অ্যাটর্নি বা অন্য প্রতিনিধির খোঁজ পাওয়ার পরেই মামলাটি আবার করে খোলার অনুমতি দিতে পারেন।

আমি শুনানিতে উপস্থিত না হলে কী হবে?

1) আমি শুনানির অনুরোধ করেছিলাম

শুনানিটি এগোতে, শুনানির অনুরোধ করা পক্ষকে অবশ্যই টেলিফোনে উপস্থিত থাকতে হবে। আপনি শুনানির অনুরোধ করে থাকলে এবং উপস্থিত না হলে একটি অনুপস্থিতির সিদ্ধান্ত জারি করা হবে। এর অর্থ হল, শুনানি বন্ধ করা হয়েছে এবং শ্রম নির্ধারণ বিভাগ কার্যকর থাকবে।

যে শুনানিটি নির্ধারিত ছিল সেটিতে উপস্থিত না হয়েও এবং মামলাটি বন্ধ হওয়ার পরেও আপনি একটি শুনানি পেতে চাইলে আপনাকে অবশ্যই মামলাটি আবার করে খোলার জন্য আবেদন করতে হবে। আপনার মামলাটি আবার করে খোলার অনুরোধটি সিদ্ধান্তের সামনের পৃষ্ঠায় দেওয়া ঠিকানায় বা ফ্যাক্স নম্বরে আপনি নতুন শুনানিতে উপস্থিত হওয়ার জন্য প্রস্তুত হওয়ামাত্র ডাকযোগে বা ফ্যাক্স করে পাঠান। আপনার অনুরোধে মামলার নম্বর ও আপনি যে কারণে শুনানিতে অংশ নেননি সেটি থাকতে হবে। আপনি কী কারণে শুনানিতে অংশ নেননি তার স্বপক্ষে কোনও নথিপত্র থাকলে সেটি যুক্ত করুন। পরবর্তী 45 দিনের মধ্যে আপনি কোনও তারিখে শুনানির জন্য উপলব্ধ **না** থাকলে তার তালিকা প্রদান করুন। আমরা যথাসাধ্য চেষ্টা করব যাতে আপনি অংশগ্রহণ করতে পারেন এমন কোনও তারিখে পরবর্তী শুনানি নির্ধারিত করা যায়।

ALJ এর দ্বারা আবার করে খোলার আবেদন কেবল তখনই মঞ্জুর করা যাবে যখন আপনি আগের শুনানিতে উপস্থিত না থাকার যথেষ্ট কারণ দেখাতে পারবেন এবং আপনি যদি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে আবার করে খোলার অনুরোধ করে থাকেন।

কাকে "যুক্তিসঙ্গত সময়" বলে বিবেচনা করা হবে তা পরিস্থিতির উপর নির্ভর করবে। আপনাকে অবিলম্বে সেই সময়া সমাধান করার পদক্ষেপ নিতে হবে যা আপনার শুনানিতে উপস্থিত না থাকার কারণ হয়েছে। উদাহরণস্বরূপ, আপনি কোনো অ্যাটর্নির খোঁজ করতে চাইলে, তৎক্ষণাৎ অ্যাটর্নির খোঁজ করতে শুরু করুন। আপনার নথিপত্র প্রাপ্ত করার প্রয়োজন হলে (টেলিফোনের রেকর্ড, উদাহরণস্বরূপ) তৎক্ষণাৎ আপনার টেলিফোন কোম্পানিকে আপনার অনুরোধ পাঠান। ALJ আপনাকে ব্যাখ্যা করতে বলতে পারেন যে আপনি শুনানিতে উপস্থিত না থাকার পর সমস্যার সমাধান করতে কী করেছেন।

2) অপরপক্ষ শুনানির অনুরোধ করেছেন

যে পক্ষ শুনানির অনুরোধ করেছেন তারা যতক্ষণ টেলিফোনের মাধ্যমে উপস্থিত থাকবেন ততক্ষণ শুনানি চলতে থাকবে, এমনকি অনুরোধ না করা পক্ষ উপস্থিত না হলেও। ALJ শুধুমাত্র উপস্থিত পক্ষের সাক্ষ্যপ্রমাণ ও পেশ করা নথিপত্রের ভিত্তিতেই একটি সিদ্ধান্ত জারি করবেন।

সিদ্ধান্ত আপনার পক্ষে না গেলে এবং আপনি সেটিকে চ্যালেঞ্জ করতে চাইলে আপনি মামলাটি আবার করে খোলার অনুরোধ করতে পারেন। পুনরায় চালু করার জন্য আবেদন কেবল তখনই মঞ্জুর করা হবে যদি আপনি শুনানিতে অংশ না নেওয়ার যথেষ্ট কারণ দেখাতে পারেন এবং আপনি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে শুনানিটি পুনরায় চালু করার জন্য আবেদন করেন।

কাকে "যুক্তিসঙ্গত সময়" বলে বিবেচনা করা হবে তা পরিস্থিতির উপর নির্ভর করবে। আপনাকে অবিলম্বে সেই সময়া সমাধান করার পদক্ষেপ নিতে হবে যা আপনার শুনানিতে উপস্থিত না থাকার কারণ হয়েছে। উদাহরণস্বরূপ, আপনি কোনো অ্যাটর্নির খোঁজ করতে চাইলে, তৎক্ষণাৎ অ্যাটর্নির খোঁজ করতে শুরু করুন। আপনার নথিপত্র প্রাপ্ত করার প্রয়োজন হলে (টেলিফোনের রেকর্ড, উদাহরণস্বরূপ) তৎক্ষণাৎ আপনার টেলিফোন কোম্পানিকে আপনার অনুরোধ পাঠান। ALJ আপনাকে ব্যাখ্যা করতে বলবেন যে আপনি শুনানিতে উপস্থিত না থাকার পর সমস্যার সমাধান করতে কী করেছেন।

পুনরায় শুনানি চালু করার আগে, আপনার মামলার ফাইলটির পর্যালোচনা করুন এবং শুনানি স্থানে একটি CD রেকর্ডিংয়ের জন্য একটি অনুরোধ পাঠিয়ে পূর্ববর্তী কোনও শুনানির রেকর্ডিং শুনুন। আপনার কোনও আর্থিক অসুবিধা থাকলে আপনি একটি দাবি পূরণ করতে এবং

বিনামূল্যে একটি রেকর্ডিং-এর অনুরোধ করতে পারেন। আপনি আইনি প্রতিনিধিত্বের খোঁজ করলে আপনার হাতে আপনার মামলার ফাইলের একটি প্রতিলিপি প্রস্তুত রাখতে হবে, যাতে অ্যাটর্নি তা পর্যালোচনা করতে পারেন।

একটি পক্ষ কতবার আবার করে খোলার অনুরোধ করতে পারে?

বিজ্ঞপ্তি পাওয়ার পর বেকারত্ব বিমার শুনানিতে উপস্থিত না হওয়া কোনও পক্ষ পুনরায় চালু করার অনুরোধ করতে পারেন এবং আরও একটি শুনানির সময়সূচী তৈরি করা হবে। আপনি উপস্থিত হতে না পারলে বা একটি দ্বিতীয় শুনানিতে অগ্রসর হলে আবার করে খোলার যে কোনো অনুরোধ আপিল বোর্ডের কাছে করা আবশ্যক। বোর্ড কেবল তখনই আরেকটি শুনানি মঞ্জুর করবেন, যখন তারা নির্ধারণ করবেন যে যথেষ্ট কারণবশতঃ আগের উভয় শুনানিতে আপনি উপস্থিত হতে পারেননি।

শুনানির পরে

শুনানির পরে কী হয়?

শুনানির অল্পক্ষণ পরে ALJ শুনানির সময় রেকর্ডের অংশ হিসেবে অন্তর্ভুক্ত করা সাক্ষ্য ও নমুনাগুলির (নথিপত্র, ভিডিও বা জিনিশপত্র) ভিত্তিতে একটি লিখিত সিদ্ধান্ত জারি করবেন। সিদ্ধান্তের মধ্যে ALJ এর সত্য বলে পাওয়া ঘটনাগুলি এবং আইনের ভিত্তিতে প্রতিটি নির্ধারণ বজায় রাখার বা অগ্রাহ্য করার কারণগুলি অন্তর্ভুক্ত থাকবে। আপনি সিদ্ধান্তটি বুঝতে না পারলে শুনানির বিজ্ঞপ্তির একেবারে উপরে থাকা শুনানির স্থানের ফোন নম্বরে অবিলম্বে ফোন করুন ও ব্যাখ্যা চান। দাবিদারগণ দাবিদারের আইনজীবীর দপ্তরে টোল ফ্রি নম্বর 855-528-5618-এ কল করতে পারেন।

শুনানির কতদিন পরে আমি ALJ'র সিদ্ধান্ত পাব?

শুনানির পর যত শীঘ্র সম্ভব আপনাকে সিদ্ধান্তটি ডাকযোগে পাঠিয়ে দেওয়া হবে। আপনি দুই সপ্তাহের মধ্যে কোনও সিদ্ধান্ত না পেলে যে দপ্তরে আপনার শুনানি হয়েছিল সেখানে যোগাযোগ করুন (ফোন নম্বর শুনানির বিজ্ঞপ্তির একেবারে উপরে দেওয়া আছে)।

শুনানির পর কি আমি কোনো অতিরিক্ত প্রমাণ বা লিখিত বিবৃতি জমা দিতে পারি?

না। ALJ কেবল শুনানিতে উপস্থিত করা সাক্ষ্য ও নমুনাগুলির ভিত্তিতেই সিদ্ধান্ত নেবেন। আপনাকে অবশ্যই শুনানি বন্ধ হওয়ার আগেই আপনার যাবতীয় প্রমাণ জমা দিতে হবে। আপনি শুনানিতে আপনার শেষ বিবৃতিতে আপনার কী কারণে মনে হয় যে সিদ্ধান্ত আপনার পক্ষে যাওয়া উচিত তা বলতে পারেন।

ALJ'র সিদ্ধান্ত আমার পক্ষে গেলে কি মামলা শেষ হয়ে যাবে?

সবসময় নয়। অপরপক্ষ শুনানিতে উপস্থিত থাকলে এবং ALJ'র সিদ্ধান্তের সঙ্গে একমত না হলে তারাও আপিল বোর্ডের কাছে আপিল করতে পারেন। শ্রম কমিশনারও আপিল বোর্ডে আপিল করতে পারেন, এমনকি শুনানিতে শ্রম কমিশনারের কোনো প্রতিনিধি না থাকলেও। অপর পক্ষ উপস্থিত না থাকলে অপর পক্ষ মামলাটি পুনরায় চালু করার অনুরোধ করতে পারেন যার অর্থ নতুন শুনানি হতে পারে।

আমি ALJ'র সিদ্ধান্তের সঙ্গে একমত না হলে কী হবে?

আপনি শুনানিতে উপস্থিত থাকলে এবং মামলায় পুরোপুরি বা আংশিকভাবে হেরে গেলে আপনি আপিল বোর্ডের কাছে আপিল করতে পারেন। সিদ্ধান্তের মধ্যে কীভাবে আপিল দায়ের করবেন তার নির্দেশগুলি দেওয়া থাকতে পারে। আপিলটি ALJ'র সিদ্ধান্তের সামনে মুদ্রিত বা স্ট্যাম্প দেওয়া তারিখের অনধিক 20 দিনের মধ্যে ডাক-মোহর লাগানো বা ফ্যাক্স করা হতে হবে।

আপিলটি অবশ্যই লিখিতভাবে করতে হবে। আপিল বোর্ডের কাছে PO Box 15126, Albany, NY 12212-5126 ঠিকানায় একটি চিঠি পাঠান অথবা 518-402-6208 নম্বরে ফ্যাক্স করুন। আপনার আপিলের অনুরোধে ALJ মামলার নম্বরটি অন্তর্ভুক্ত করা নিশ্চিত করুন।

বোর্ডের পাঁচজন সদস্যের মধ্যে এক বা একাধিক জন ALJ শুনানির সিদ্ধান্তে উপনীত হওয়ার কারণগুলি পর্যালোচনা করবেন এবং একটি সিদ্ধান্ত প্রদান করবেন। এটি একটি লিখিত প্রক্রিয়া। বোর্ডের থেকে অতিরিক্ত শুনানির প্রয়োজন রয়েছে বলে সিদ্ধান্ত করা না হলে আর কোনো শুনানি নির্ধারিত হবে না।

বোর্ডের কাছে আপিলের অনুরোধ করা পর কী হবে?

আপনার বা অপরপক্ষের দ্বারা আপিলের অনুরোধ জমা দেওয়া হয়ে গেলে পর সকল পক্ষকে আপিল গ্রহণ করার একটি বিজ্ঞপ্তি পাঠানো হবে, যাতে কীভাবে শুনানির একটি ট্রানস্ক্রিপ্ট পাওয়া যাবে ও কীভাবে একটি বিবৃতি জমা দিতে হবে তৎসম্পর্কিত নির্দেশগুলি দেওয়া থাকবে।

আমি ALJ'র সিদ্ধান্তের সঙ্গে একমত না হওয়ার কারণে একটি আপিলের অনুরোধ করে থাকলে আমি কীভাবে শুনানির একটি ট্রানস্ক্রিপ্টের অনুরোধ করবো? আমি কীভাবে তা পাবো?

আপনি ALJ'র শুনানির সিদ্ধান্তের সঙ্গে একমত না হলে এবং বোর্ডের কাছে আপিলের অনুরোধ করে থাকলে আপনাকে অবশ্যই আপিল প্রাপ্তির বিজ্ঞপ্তির তারিখের সাতদিনের মধ্যে একটি ট্রানস্ক্রিপ্টের অনুরোধ করতে হবে। আপনি একটি CD বা প্রতিলিপির ইমেলের অনুরোধ করতে পারেন যা আপনি বিনামূল্যে পাবেন। আপনি ট্রানস্ক্রিপ্টের প্রতিলিপির অনুরোধ করার সময় আপনার ইমেল অ্যাড্রেস প্রদান করলে আমরা ট্রানস্ক্রিপ্টের প্রতিলিপি নিরাপদ (সংকেতায়িত) ইমেল মারফৎ ইমেল করে দিতে পারি।

আপিল বোর্ডের কাছে ALJ'র শুনানির সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার পর আপনার শুনানির ট্রানস্ক্রিপ্টের অনুরোধ করতে আপনার অনুরোধ লিখিতভাবে এখানে জমা দিন:

Unemployment Insurance Appeal Board
PO Box 15126
Albany, New York 12212-5131

ফ্যাক্স করুন: 518-402-6208

যদি আপনি ইমেল বা CD খুলতে না পারেন, তাহলে সহায়তার জন্য আপিল বোর্ডে যোগাযোগ করুন।

আমি ALJ'র শুনানির সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে না চাইলে কীভাবে আমার শুনানির ট্রানস্ক্রিপ্টের অনুরোধ করতে পারি?

আপনার শুনানি সম্পূর্ণ হয়ে গেছে এবং আপনি ALJ'র শুনানির সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে চান না, তৎসত্ত্বেও আপনি শুনানির ট্রানস্ক্রিপ্টের একটি প্রতিলিপি চাইলে লিখিতভাবে ট্রানস্ক্রিপ্টের একটি প্রতিলিপির অনুরোধ করুন এবং আপনার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, স্বাক্ষর, মামলার নম্বর

ও প্রতিটি শুনানির তারিখ অন্তর্ভুক্ত করুন ও সেইসঙ্গে নীচের ঠিকানায় শ্রম বিভাগের উদ্দেশ্যে প্রদেয় $75 জমা দিন। জমা দেওয়া অর্থ ফেরতযোগ্য নয় এবং তার থেকে ট্রান্সক্রিপ্টের জন্য হওয়া মোট খরচ কেটে নেওয়া হবে।

Unemployment Insurance Appeal Board
Attention: Transcripts
PO Box 29002
Brooklyn, New York 11202-9002

অথবা 718-613-3500 নম্বরে ফোন করুন, বিনামূল্যে তথ্য পাওয়ার ও পরবর্তী নির্দেশের জন্য।

আপিল বোর্ডকে ট্রান্সক্রিপ্টের আদেশ অবশ্যই কোনো বহিঃস্থ বিক্রেতাকে দিতে হবে। এর খরচ পৃষ্ঠা প্রতি $2.70. আপনার রেকর্ডিং ট্রান্সক্রাইব করাতে আপিল বোর্ডকে অবশ্যই ট্রান্সক্রিপশনের খরচ প্রদান করতে হবে। আপনার শুনানির দৈর্ঘ্যের উপর নির্ভর করে ট্রান্সক্রিপ্টের খরচ বাড়তে পারে। খরচ সম্পর্কে আরও জানতে উপরের নম্বরে ফোন করে নেওয়াই সবচেয়ে ভালো।

আপনি অ্যাটর্নির মতো কোনো তৃতীয় পক্ষ হলে এবং অন্য কারুর শুনানির প্রতিলিপির অনুরোধ করতে চাইলে, আরও তথ্যের জন্য অনুগ্রহ করে 718-613-3500 নম্বরে ফোন করুন।

আমি কি প্রতিলিপির অনুরোধ না করেও একটি বিবৃতি জমা দিতে পারি?

হ্যাঁ। আপনি আপিলের প্রাপ্তির বিজ্ঞপ্তির তারিখের সাতদিনের মধ্যে একটি লিখিত বিবৃতি জমা দিতে পারেন।

আমি কি আবার সাক্ষ্য দিতে বা মামলায় আরও কিছু যোগ করতে পারি?

বেশিরভাগ ক্ষেত্রে আপিল বোর্ডের সদস্য(গণ) আর কোনও শুনানি না করে ALJ'-এর শুনানির থেকে পাওয়া রেকর্ডের ভিত্তিতে মামলার সিদ্ধান্ত নেবেন। বোর্ডের কোনো সদস্য কোনো সময় আরেকটি শুনানির প্রয়োজন রয়েছে বলে সিদ্ধান্ত নিলে আপনাকে একটি বিজ্ঞপ্তি পাঠানো হবে। বোর্ডের দ্বারা কোনো শুনানির আদেশ দেওয়া হলে তবেই কোনো পক্ষের দ্বারা আপিলে নতুন তথ্য জমা দেওয়া যাবে।

আমাকে কি একটি লিখিত বিবৃতি জমা দিতে হবে?

আপনাকে কোনও বিবৃতি জমা দিতে হবে না, তবে আপনি ALJ'-এর ঠিক কোন সিদ্ধান্তের সঙ্গে একমত বা একমত নন সেটি আপিল বোর্ডের সদস্যকে জানাতে আপনি একটি বিবৃতি পাঠাতে পারেন। আপিল বোর্ডের কাছে বিবৃতির দুটি প্রতিলিপি পাঠানো আবশ্যক। বিবৃতিটি কোনও অ্যাটর্নি জমা দিলে, সেই বিবৃতির প্রতিলিপি বিরোধী পক্ষ এবং বিপক্ষের যেকোনও অ্যাটর্নির কাছে জমা দেওয়া আবশ্যক।

আপিলের রায় দিতে বোর্ডের কতটা সময় লাগতে পারে?

এটি বোর্ডের দ্বারা মামলাটির পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা করার জন্য যত সময়ের প্রয়োজন তার উপর নির্ভর করবে। তিন মাসের মধ্যে যদি আপনি কোনও সিদ্ধান্ত না পান, তাহলে তথ্যের জন্য বোর্ডে কল করুন।

আমি আপিল বোর্ডের সিদ্ধান্তের সঙ্গে একমত না হলে কী হবে?

আপিল বোর্ডের কোনো সদস্যের নেওয়া সিদ্ধান্তের তিরিশ দিনের মধ্যে কোনো পক্ষ স্টেট সুপ্রিম কোর্ট, তৃতীয় বিভাগ (State Supreme Court, Third Department) এর আপিল বিভাগ (Appellate Division) এর কাছে আপিল করতে পারেন। বোর্ডের সিদ্ধান্তে নির্দেশগুলি দেওয়া থাকবে। আদালত কত তাড়াতাড়ি আপনার মামলার সিদ্ধান্ত নেবে সেটি অনুমান করা যায় না। অনুগ্রহ করে "আদালতে আপিলের প্রাপ্তির নোটিশ" এর নির্দেশাবলী দেখুন যেটি আদালতে আপনার আপিলের পরে আপনাকে পাঠানো হয়।

কোনো পক্ষ একই সময়সীমার মধ্যে বোর্ডের কাছে আবার করে খোলার ও বোর্ডের সিদ্ধান্ত পুনর্বিবেচনার আবেদন করতে পারেন।

অ্যাটর্নি ও প্রতিনিধিগণের জন্য তথ্য

বেকারত্ব বিমার শুনানির প্রমাণের নিয়মাবলী কি অন্যান্য আদালতের সঙ্গে একই?

না। দেওয়ানি ও ফৌজদারি মামলায় প্রমাণের প্রায়োগিক নিয়মাবলী প্রশাসনিক শুনানির জন্য প্রযোজ্য নয়। উদাহরণস্বরূপ, জনশ্রুতিভিত্তিক প্রমাণ বিবেচিত হতে পারে, যদিও তা সাধারণতঃ সরাসরি সাক্ষ্যের মতো অতটা গুরুত্ব পায় না।

বেকারত্ব বিমার কোনো বিষয় কি কোনো শুনানির আগেই নিয়োগকর্তা ও দাবিদারের মধ্যে মিটমাট করে নেওয়া যেতে পারে?

না। শ্রম আইন অনুসারে, কোনো দাবিদার তার বেকারত্ব বিমার অধিকার ছেড়ে দিতে পারেন না।

আমি কি দাবিদারের প্রতিনিধিত্বের জন্য কোনো ফি ধার্য করতে পারি?

কেবলমাত্র নিউ ইয়র্কে লাইসেন্সপ্রাপ্ত কোনো অ্যাটর্নি বা বেকারত্ব বিমা আপিল বোর্ডে রেজিস্টার্ড কোনো প্রতিনিধি ফি ধার্য করতে ও গ্রহণ করতে পারেন। অ্যাটর্নি এবং নিবন্ধিত প্রতিনিধিদের পরিচালনা করা আপিল বোর্ডের বিধি, এর সঙ্গে তারা কখন ও কীভাবে অর্থ গ্রহণ করতে পারবেন, এগুলি আমাদের ওয়েবসাইট আপিল বোর্ডের নিয়মাবলী (ধারা 460.6)-এ দেওয়া আছে।

অতিরিক্ত তথ্যের জন্য, অনুগ্রহ করে নির্দেশাবলী এবং সংস্থান পেজে থাকা আইনজীবী বা প্রতিনিধিরা কত অর্থের দাবি করতে পারেন নথিটি দেখুন।

একজন দাবিদারের প্রতিনিধিত্ব করার পর আমি কীভাবে ফি এর অনুমোদনের আবেদন করবো?

নিচে থাকা নির্ধারিত পদ্ধতি অনুসারে অ্যাটর্নি এবং নিবন্ধিত প্রতিনিধিদের অর্থের ভিত্তিতে উপস্থিত হওয়া বোর্ডকে এই প্রকার অর্থ প্রদানের অনুমোদনের জন্য আবেদন করতে হবে।

অর্থ প্রদানের অনুমোদনের জন্য প্রতিটি আবেদনে নিম্নলিখিত বিষয়গুলি থাকতে হবে:

সম্পূর্ণরূপে কার্যকরী অনুসারী চুক্তির একটি অনুলিপি;

আইটেম যুক্ত বিলের একটি অনুলিপি;

বোর্ডের দ্বারা এই প্রকারের প্রয়োগ পর্যালোচনা করার ক্ষেত্রে অতিরিক্ত বিষয়গুলি বিবেচনা করার জন্য একটি বিবৃতি; এবং

আইটেম যুক্ত বিলের যথার্থতার সত্যতা স্বীকার করে বোর্ডের (পরিষেবার শংসাপত্র) দ্বারা সরবরাহিত ফর্মে উপর স্বাক্ষরিত শংসাপত্র; চূড়ান্ত সিদ্ধান্তে দেওয়া সুবিধাগুলির অনুমতি উক্ত উপস্থাপনের সাথে সম্পর্কিত; এবং সেই আইটেম যুক্ত বিলের অনুলিপি, অনুসারী চুক্তি এবং অতিরিক্ত কারণগুলির যেকোনও বিবৃতি দাবিদারকে দেওয়া হয়েছে।

আপিল বোর্ডের কাছে PO Box 15126, Albany, NY 12212-5126 ঠিকানায়, অথবা 518-402-6208-এ ফ্যাক্স করুন বা feerequest@labor.ny.gov-এ ইমেল করে আবেদনটি অবশ্যই জমা দিন।

অনুমোদিত ফি এর রাশির অনুরোধ কি সরাসরি দাবিদারের বেকারত্ব সুবিধার থকে আসবে?

না। অনুমোদিত ফি এর রাশি দাবিদার সরাসরি প্রদান করবেন।

আমি কীভাবে রেজিস্টার্ড প্রতিনিধি হতে পারি?

অ্যাটর্নি ছাড়া অন্যদের রেজিস্টার্ড প্রতিনিধি হতে একটি আবেদনপত্র জমা দেওয়া আবশ্যক। আবেদনপত্রটি ও কোনও সহায়ক নথিপত্র থাকলে সেটি মুখ্য প্রশাসনিক আইনের বিচারক (Chief Administrative Law Judge)-এর দ্বারা পর্যালোচনা করা হবে। প্রাথমিক প্রয়োজনীয়তা পূরণ হলে একটি সাক্ষাৎকার নেওয়া হয়। মুখ্য বিচারকের অনুমতিতে ও জামিন মুচলেকা পাওয়ার পর আবেদনকারীকে রেজিস্টার্ড প্রতিনিধি হিসেবে তালিকাভুক্ত করা হয় এবং তিনি বেকারত্ব বিমার মামলাগুলিতে দাবিদারদের প্রতিনিধিত্বের যোগ্য হন।